

## জীবন বৃত্তান্ত



জনাব মো: ইমামুল হক ২৭ জানুয়ারী ১৯৭৩ইং তারিখ লালমনিরহাট জেলায় জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম ডা: মোহাম্মদ তোজাম্মুল হক ও মাতার নাম মিসেস মহিবুন নেছা। তিনি লালমনিরহাট জেলার গিয়াস উদ্দিন উচ্চ বিদ্যালয় হতে এস.এস.সি এবং তেজগাঁও কলেজ হতে এইচ.এস.সি. সম্পন্ন করে আবুজর গিফারি কলেজ হতে মার্কেটিং বিষয়ে এম. কম. ডিগ্রি অর্জন করেন।

তিনি ১৬ মে ১৯৯৬ ইং তারিখ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে চাকুরী জীবন শুরু করেন। চাকুরী জীবনে তিনি সচিব মহোদয়ের দপ্তরে দায়িত্ব পালন করেন। তিনি গত ১৯ ডিসেম্বর ২০১৩ইং তারিখ হতে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার হিসেবে দায়িত্ব পালন করছেন।

তিনি সরকারি দায়িত্ব পালনের অংশ হিসেবে বিভিন্ন সময়ে সৌদি আরব ভ্রমণ করেছেন। ব্যক্তি জীবনে তিনি বিবাহিত ও ০১ পুত্র সন্তানের জনক।